ফাতওয়া নাম্বার: ১০২ প্রকাশকালঃ ১৩-০৯-২০২০ ইং

সরকারি চাকরির পেনশন ভাতা গ্রহণ করা কি জায়েয হবে?

প্রশ্ন:

আমার বাবা সরকারি চাকরিজীবি ছিলেন। তিনি পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ছিলেন। বেশ কয়েক বছর আগে চাকরিরত অবস্থায় মারা যান। নিয়ম অনুযায়ী, সরকারি কর্মকর্তার পরিবারের ভরণপোষণের জন্য যে পেনশন ভাতা দেওয়া হয়, তা আমার মা পেয়ে আসছেন। এ ছাড়া উপার্জনের আর কোনো ব্যবস্থা আমাদের পরিবারের নেই। এখন জানার বিষয় হল, ওই পেনশন ভাতা গ্রহণ করা আমাদের জন্য কি জায়েয হচ্ছে? অনুগ্রহ করে জানাবেন ইনশাআল্লাহ

উত্তর:

بسم الله الرحمن الرحيم

আশা করি বিষয়টি আপনার জানা থাকবে যে, বাংলাদেশের বর্তমান সরকার তাগুত। তাগুতের অধীনে কিছু চাকরি হারাম এবং কিছু কুফুর পর্যায়ের হলেও ওয়াসার মতো নাগরিক সেবা প্রকল্পগুলোতে চাকরি করা জায়েয কিন্তু অনুত্তম। তবে এর বিনিময় হালাল। তাই আপনারা বাবার চাকরির যে পেনশন ভাতা পাচ্ছেন তা গ্রহণ করা আপনাদের জন্য নাজায়েয হবে না। তাগুতের অধীনে চাকরির বিধান সম্পর্কে

জানতে ‘সরকারী বেতন হালাল কি?’ শিরোনামে ১২ নং ফাতওয়াটি [https://fatwaa.org/২০২০/০৫/০৩/৯১২/] এবং ‘সরকারি চাকরি করা কি বৈধ?’ শিরোনামের প্রবন্ধটি [https://fatwaa.org/২০২০/০৪/১৫/৭৬৭/] দেখতে পারেন ইনশাআল্লাহ।

উল্লেখ্য, পেনশন ভাতায় সাধারণত সরকার চাকুরের বেতন থেকে একটি অংশ বাধ্যতামূলক কেটে রাখে। এছাড়াও কেউ চাইলে তার বেতনের আরো কিছু অতিরিক্ত অংশ তাতে স্বেচ্চায় জমা রাখতে পারে। আপনার বাবা যদি স্বেচ্চায় তার বেতনের কোনো অংশ তাতে জমা রেখে থাকেন, তাহলে এই অংশের উপর যে অতিরিক্ত সুদ জমা হয়েছে, তা হারাম। তাই হারাম থেকে দায় মুক্তির জন্য তা গরিবকে সাদকা করে দেয়া জরুরি। অবশ্য আপনারা যাকাত গ্রহণের উপযুক্ত হলে, আপনারাও তা ভোগ করতে পারবেন। -ইমদাদুল ফাতাওয়া: ৩/১৪৯ মিম্বারুত তাওহিদ ওয়াল জিহাদ, প্রশ্ন নং: ১৩৯, জাওয়াহিরুল ফিকহ: ৩/২৭৮

এবিষয়ে আরো জানার জন্য https://fatwaa.org/২০২০/০৭/২৬/১৪৮৬/ এই লিংকে ৭৩ নং ফতোয়াটি, https://fatwaa.org/২০২০/০৯/০৪/১৬৫৯/ এই লিংকে ১০০ নং ফতোয়াটি এবং https://fatwaa.org/২০২০/০৯/০৬/১৬৬৪/ এই লিংকে ১০১ নং ফতোয়াটি দেখতে পারেন।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি উফিয়া আনহু

২২-০১-১৪৪২ হি.

১১-০৯-২০২০ ইং